



ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]
আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭



॥প্রেস বিজ্ঞপ্তি॥

ঐতিহাসিক ৭ মার্চ উদযাপন উপলক্ষে বায়তুল মুকাররম জাতীয় মসজিদে বিশেষ দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত

ঢাকা, রবিবার, ৭ মার্চ ২০২১ ॥

ঐতিহাসিক ৭ মার্চ উদযাপন উপলক্ষে আজ (৭ মার্চ, রবিবার) দুপুর ১.৩০ টায় (বাদ যোহর) বায়তুল মুকাররম জাতীয় মসজিদে বিশেষ দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়েছে। এ সময় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ মহান মুক্তিযুদ্ধে সকল শহীদদের রুহের মাগফিরাত কামনা করে দোয়া ও মোনাজাত করা হয়। দোয়া ও মুনাজাত পরিচালনা করেন বায়তুল মুকাররম জাতীয় মসজিদের পেশ ইমাম মুফতি মাওলানা মুহাম্মদ মুহিবুল্লাহিল বাকী। অনুষ্ঠানে ইসলামিক ফাউন্ডেশনের পরিচালকবৃন্দ, কর্মকর্তা-কর্মচারি ও সাধারণ মুসল্লিগণ উপস্থিত ছিলেন। এছাড়া ঐতিহাসিক ৭ মার্চ উদযাপন উপলক্ষে ইসলামিক ফাউন্ডেশনের সকল বিভাগীয় ও জেলা কার্যালয়, ৫০ টি ইসলামিক মিশন, ৭টি ইমাম প্রশিক্ষণ একডেমি ও সকল অফিসে জাতীয় পতাকা উত্তোলন করা হয়েছে।

অন্যদিকে ঐতিহাসিক ৭ মার্চ উদযাপন উপলক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ মহান মুক্তিযুদ্ধে সকল শহীদদের রুহের মাগফিরাত কামনা করে আজ সারা দেশের সকল মসজিদে বিশেষ দোয়া ও মোনাজাতের ব্যবস্থা করার আহ্বান জানিয়েছে ইসলামিক ফাউন্ডেশন।

স্বাক্ষরিত

(শায়লা শারমীন)

সহকারী জনসংযোগ কর্মকর্তা

ইসলামিক ফাউন্ডেশন

মোবাইল ০১৫৫৩৫৩৬২৭৬